

বিষয়ঃ নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আবুল বশার, পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট।
সভার তারিখ : ১০/০৫/২০২৩
সভার সময় : সকাল ১০:০০ ঘটিকা।
স্থান : পরিচালক মহোদয়ের কক্ষ।
উপস্থিতি : সভার উপস্থিতি তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

১০/০৫/২০২৩ তারিখে জনাব মোঃ আবুল বশার, পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট মহোদয়ের সভাপতিত্বে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়।

সভার শুরুতে সভাপতি নৈতিকতা কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ওয় সভার সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত:

- ১। ১৫/০৫/২০২৩ তারিখে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ২। মে ২০২৩ মাসের মধ্যে শুদ্ধাচার সংক্রান্ত ১টি প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রশিক্ষণের কমপক্ষে ৬০ জন প্রশিক্ষণার্থী থাকবে।
- ৩। ২০২২-২৩ অর্থ বছরে শিশু কল্যাণ ট্রাস্টের নৈতিকতা কমিটির মূল্যায়নের ভিত্তিতে সর্বোচ্চ নম্বর পাওয়ায় গ্রেড-১০ হতে গ্রেড-১৬ ভুক্ত কর্মচারীদের মধ্যে জনাব আল-আমিন, হিসাবরক্ষণ কর্মকর্তা এবং গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভুক্ত কর্মচারীদের মধ্যে জনাব জনাব আঃ রাজ্জাক খান সবুজ, অফিস সহায়ক (সংযুক্তি) ২০২১-২২ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৪। আকস্মিক, কঠোর শ্রমসাধ্য বা কৃতিত্বপূর্ণ কাজের জন্য (i) জনাব আরিফ হোসেন, প্রশাসনিক কর্মকর্তা (ii) জনাব মোশাররফ হোসেন, পিএ কাম-কম্পিউটার অপারেটর (iii) ফটিক চন্দ্র দাস, কম্পিউটার অপারেটর (iv) জনাব জিয়াউর রহমান, অফিস সহকারী (শিক্ষা) (v) জনাব সৈয়দ নাসির হোসেন, অফিস সহায়ক (সংযুক্তি) শিশু কল্যাণ ট্রাস্ট ২০২১-২২ অর্থ বছরের আকস্মিক, কঠোর শ্রমসাধ্য বা কৃতিত্বপূর্ণ কাজের জন্য পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৫। শিশু কল্যাণ ট্রাস্টের ২০২১-২২ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে সর্বোচ্চ নম্বর প্রাপ্তদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়ে এবং আকস্মিক, কঠোর শ্রমসাধ্য বা কৃতিত্বপূর্ণ কাজের জন্য সম্মানীর অফিস আদেশ জারীর সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


১০/০৫/২০২৩

মোঃ আবুল বশার
পরিচালক
শিশু কল্যাণ ট্রাস্ট
ফোন: ৫৫০৭৪৮৮৪

ই-মেইল- sktmopme@gmail.com